**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং- ২৭৫০ এ,

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণজনিত সংকটকালে ছুটির সময়ে স্বল্প পরিসরেও আদালতের কার্যক্রম পরিচালনা না করণ এবং জামিন/অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ-এর আদেশ বর্ধিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ২৫ এপ্রিল, ২০২০ তারিখ পর্যন্ত সকল আদালতে ছুটি ঘোষণা করা হয়েছে।

২। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় আপীল বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণের সাথে বর্ণিত বিষয়ে বৈঠকে আলোচনা করেছেন। আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্ত হয় যে, স্বল্প পরিসরেও আদালতের কার্যক্রম পরিচালনা করতে হলে আদালত প্রাঙ্গণে বিচারক, আইনজীবী, আদালতের বিভিন্ন স্তরের কর্মকর্তা- কর্মচারী, আইনজীবী সহকারীসহ মামলা সংশ্লিষ্ট পক্ষ ও তদবীরকারকগণের উপস্থিতি আবশ্যক। করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণজনিত উদ্ভূত পরিস্থিতির সংকটময় সময়ে আদালত প্রাঙ্গণে সংশ্লিষ্ট সকলের নিরাপত্তা ও সুরক্ষার বিষয় বিবেচনায় স্বল্প পরিসরেও আদালতের কার্যক্রম পরিচালনা করা সমীচীন হবে না।

৩। বাংলাদেশ সুপ্রীম কোর্টের স্মারক নং-২৭৪৪ এ, তারিখ-০৪/৪/২০২০-এর ধারাবাহিকতায় পুনরায় উল্লেখ করা হচ্ছে যে, যে সকল ফৌজদারী মামলায় আসামীকে নির্দিষ্ট সময় পর্যন্ত জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় উচ্চ আদালত হতে অধস্তন আদালতে নির্দিষ্ট সময়ের মধ্যে আত্মসমর্পনের শর্তে জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ-এর আদেশ প্রদান করা হয়েছে সে সকল মামলার আদেশের কার্যকারিতা আদালত খোলার তারিখ হতে ০২(দুই) সপ্তাহ পর্যন্ত বর্ধিত হয়েছে মর্মে গণ্য হবে।

৪। এখানে উল্লেখ্য যে, সাংবিধানিক বাধ্যবাধকতায় দেশের প্রত্যেকটি জেলায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ও মেট্রোপলিটন এলাকায় চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে জরুরী মামলার জন্য এক বা একাধিক ম্যাজিস্ট্রেট কর্তব্যরত আছেন।

স্বা/-
(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইল: rg@supremecourt.gov.bd

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৪. জেলা জজ/মহানগর দায়রা জজ, ............................ (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হল)
৫. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ, ............................ (সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/ প্রশাসনিক ট্রাইব্যুনাল .....(সকল)
৭. চেয়ারম্যান, শ্রম আপীল আদালত/শ্রম আদালত, ............................
৮. সদস্য (জেলা জজ), কাস্টমস ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল, ............................
৯. চেয়ারম্যান, কোর্ট অব সেটেলমেন্ট, ............................
১০. চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।
১১. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ............................(সকল)
১২. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ............................(সকল)
১৩. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ............................ (সকল)
১৪. বিচারক, পরিবেশ আপীল আদালত ............................
১৫. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল ............................
১৬. বিচারক, মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.........(সকল)
১৭. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন।
১৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ ম্যাট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ............... (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হল)
১৯. প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা
২০. প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা
২১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২২. বেঞ্চ অফিসার/ বেঞ্চ রীডার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট/আপীল বিভাগ, ঢাকা
২৩. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা ...(সকল)
২৪. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল) [সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন]
২৫. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ............................ (সকল)
২৬. নোটিশ বোর্ড।

Aktaruzzaman
১১.০৪.২০২০
(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)